168

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN. 26 1999 ...
পৃষ্ঠা ১৫ কলাম ৫ ......

# তেজগাঁও কলেজে অপ্রীতিকর ঘটনা

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (সোমবার) সকালে তেজগাঁও কলেজ ক্যাম্পাসে অপ্রীতিকর ঘটনা ঘটে। সম্প্রতি অধ্যাপক আবদুর রশীদকে কলেজের অধ্যক্ষ নিয়োগ করা নিয়া একটি ছাত্র সংগঠনের কর্মীদের মধ্যে বিরোধ দেখা দেয়। বেশ কিছুসংখ্যক শিক্ষকও এই নিয়োগের বিরোধিতা করিয়া আসিতেছিলেন। গতকাল কলেজ খুলিবার পর উক্ত সংগঠনের ছাত্র-ছাত্রীরা অধ্যক্ষের অপসারণের দাবীতে একটি মিছিল বাহির করে। মিছিলটি কলেজের প্রধান গেটের নিকট আসিলে পর পর কয়েকটি হাতবোমার বিস্ফোরণ ঘটে। মিছিলকারীরা ছুটাছুটি শুরু করিয়া দেয়। পরে পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হয়।

# তেজগাঁও কলেজের ২০ জন অধ্যাপকের প্রতিবাদ

একজন জুনিয়র অধ্যাপককে তেজগাঁও কলেজের অধ্যক্ষ নিয়োগ করায় কলেজের ২০ জন অধ্যাপক গতকাল (সোমবার) এক বিবৃতিতে প্রতিবাদ জানাইয়াছেন। বিবৃতিতে বলা হয়, কলেজের সভাপতি ডাঃ এইচবিএম ইকবাল একজন জুনিয়র অধ্যাপক ও জামালপুর জেলা আওয়ামী লীগ নেতা আব্দুর রশিদকে কলেজের অধ্যক্ষ নিয়োগ করায় আমরা মর্মাহত। এই ঘটনা কলেজের সুনাম ক্ষুণ্ন করা ছাড়া আর কিছু নয়। বিবৃতিতে অবিলম্বে আব্দুর রশিদকে অধ্যক্ষ পদ হইতে অপসারণ করিয়া একজন সিনিয়র অধ্যাপককে উক্ত পদে নিয়োগদানের দাবী করা হইয়াছে। বিবৃতিদানকারী শিক্ষকবৃন্দ হইতেছেনঃ অধ্যাপক শেখ কোহিতুল আলম, অধ্যাপক মনিরুল ইসলাম, অধ্যাপক আহমেদ ফারুক, অধ্যাপক আব্দুল বাকী, অধ্যাপক আবদুল হালিম, অধ্যাপক আব্দুল মান্নান, অধ্যাপক আলী আক্কাস, অধ্যাপক মনির হোসেন, অধ্যাপক শহীদুল আলম, অধ্যাপক শহীদুল ইসলাম, অধ্যাপিকা হাফিজা বেগম, অধ্যাপিকা রাহেলা বেগম, অধ্যাপক হেলাল উদ্দিন, অধ্যাপিকা জাকিয়া বেগম, শামসুন্নাহার, ছাদেক হোসেন, মীর দেলোয়ার হোসেন, রাহেনুর রহমান, ইসরাত আলী, নাজমা বেগম প্রমুখ।